

## শিক্ষাক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার

বর্তমানে যুগের সঙ্গে তাল রেখে শিক্ষার অগ্রগতি ঘটছে। আর এই অগ্রগতির ক্ষেত্রে কম্পিউটারের গুরুত্ব অপরিহার্য। নীচে শিক্ষাক্ষেত্রে কম্পিউটারের ব্যবহারগুলি বর্ণনা করা হল—

**শ্রেণিকক্ষে উপস্থাপন :** শিক্ষক শ্রেণিকক্ষে সিডি বা ফ্লপিডিস্ক ব্যবহার করে শিক্ষার্থীদের সামনে বিষয়বস্তু সুন্দরভাবে উপস্থাপন করে। আর ওই উপস্থাপনে শিক্ষার্থীরা বিষয়বস্তু সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করে।

**অনুশীলন :** অনুশীলন শিক্ষার্থীদের দক্ষতা বাড়ায়, সাফল্য নিয়ে আসে। তাই শিক্ষার্থীরা পাঠ্যক্রমের কঠিন বিষয়গুলি কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে বারবার অনুশীলন করে। ফলে শিক্ষার্থীরা তাদের ত্রুটি শুধরে নিতে পারে।

**পুনঃশিখন :** পুনঃশিখন শিক্ষার্থীদের ত্রুটি সংশোধন করে এবং পূর্বে শিক্ষালাভের সুযোগ পায়নি। তারা আবার সুযোগ পায়। কম্পিউটার শিক্ষার্থীদের পুনঃশিখনে সাহায্য করে।

**সমস্যাসমাধান :** কম্পিউটার শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীদের সামনে সমস্যা তৈরি করে। আর ওই সমস্যা সমাধানের নির্দেশও দেয়। ফলে শিক্ষার্থী সমস্যাসমাধান করতে পারে।

**গণিত ও বিজ্ঞানক্ষেত্র :** গণিত ও বিজ্ঞানের ক্ষেত্রে ক্রমশ কম্পিউটারের ব্যবহার বেড়ে চলেছে। ফলে শিক্ষার্থীরা উৎসাহের সঙ্গে সমস্যাসমাধানে ব্রতী হয়।

**ভাষাশিক্ষা :** কম্পিউটার ভাষা বিকাশের সহায়ক। কেন-না ওয়ার্ড প্রসেসর প্রোগ্রামের মাধ্যমে কম্পিউটার ভাষা সম্বন্ধীয় ত্রুটি, বানান ও ব্যাকরণগত ত্রুটি চিহ্নিত করে, যা শিক্ষার্থীদের ভাষা শিক্ষার ক্ষেত্রে সাহায্য করে।

**প্রশাসনিক ক্ষেত্র :** যে-কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক ক্ষেত্রে কম্পিউটারের ভূমিকা আজ অতি গুরুত্বপূর্ণ। পূর্বে প্রশাসনিক ক্ষেত্রে যেসব নথি হাতে লিখে সংরক্ষিত করা হত, সেইসব প্রশাসনিক ক্ষেত্রে বর্তমানে কম্পিউটারের মাধ্যমে সমস্ত নথি সংরক্ষণ করে রাখা হয়।

**আত্মমূল্যায়ন :** কম্পিউটার শিক্ষার্থীদের আত্মমূল্যায়নে সাহায্য করে। কম্পিউটার প্রদর্শিত ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীরা নিজেদের শিক্ষাগত মূল্যায়ন করতে পারে। ফলে শিক্ষার্থীদের আত্মপ্রত্যয় বৃদ্ধি পায়। অর্থাৎ, শিক্ষার্থীরা নিজেরাই বুঝতে পারে তাদের শিখন কোন্ পর্যায়ে পৌঁছেছে।

**চাহিদা পূরণ :** শিক্ষক শ্রেণিকক্ষে ব্যক্তিগতভাবে খুব বেশি সময় দিতে পারেন না। কিন্তু কম্পিউটার শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করতে পারে। এতে শিক্ষার্থীদের চাহিদা পূরণ হয়।

**শিক্ষার অন্যান্য ক্ষেত্রে ব্যবহার :** শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মীদের বিভিন্ন কাজের তথ্য লিপিবদ্ধ করতে যে-কোনো প্রতিষ্ঠানের আয়ব্যয়ের হিসাব রাখতে কম্পিউটার বিশেষভাবে সহায়তা করে।

শিক্ষার আলোচনা থেকে বলা যায় শিক্ষার সব ক্ষেত্রেই কম্পিউটার ব্যবহার করা হয়, যা তার গুরুত্ব স্পষ্ট করে দেয়।